

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫২

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৩৪. আল্লাহ্র প্রতি ঈমান আনয়ন সর্বোত্তম কাজ।

بَابِ بَيَانِ كَوْنِ الْإِيمَانِ بِاللَّهِ تَعَالَى أَفْضَلُ الْأَعْمَالِ

আরবী

حَدِيْثُ عَبْدِ اللهِ ابن مسعود قَالَ سَأَلْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم أَيُّ الْعَمَلِ أَحَبُّ إِلَى اللهِ قَالَ المُ عَلَى وَقْتِهَا قَالَ أُمَّ أَيُّ قَالَ الْجَهَادُ فِي اللهِ قَالَ المَّالَةُ عَلَى وَقْتِهَا قَالَ أُمَّ أَيُّ قَالَ الْجَهَادُ فِي سَبِيلِ اللهِ قَالَ اللهِ قَالَ حَدَّثَنِي بِهِنَّ وَلَوْ اسْتَزَدْتُهُ لَزَادَنِي

বাংলা

৫২. আব্দুল্লাহ ইবনু মাস'উদ (রাযি.) বর্ণিত, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করেন সবচেয়ে কোন 'আমল আল্লাহ তা'আলার নিকট প্রিয়, তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যথাসময়ে সালাত আদায় করা। এরপর জিজ্ঞেস করলেন, তারপর কোন 'আমল, তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, পিতা-মাতার অনুগত হওয়া। অতঃপর জিজ্ঞেস করলেন, তারপর কোন 'আমল, তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আল্লাহ্ তা'আলার পথে জিহাদ করা। তিনি বলেন, এতটুকু তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন। যদি আমি আরো জিজ্ঞেস করতাম তাহলে তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আরো বলতেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯ : সালাতের সময়সমূহ, অধ্যায় ৫, হাঃ ৫২৭; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৩৪, হাঃ ৮৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন